

১০/১১/০৭

বিতর্কে ফুটে উঠবে আকাজক্ষা ও স্বপ্নের শুদ্ধ বাংলাদেশ

আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা ১৪ নভেম্বর শুরু

স্টাফ রিপোর্টার

দু'দিনব্যাপী আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা ও পাবলিক স্পীকিং ওয়ার্কশপ অনুষ্ঠিত হবে আগামী ১৪ ও ১৫ নভেম্বর। 'আধার টুটেবে আলো ফুটেবে, মুক্তির গান গাইবে মুক্তি'- এই স্লোগানে কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে ঢাকার সেরা ১৬টি কলেজ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। অনুষ্ঠানটি ঢাকা সেনানিবাসস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ ও ডিবেট ফর ডেমোক্রেসি যৌথভাবে এর আয়োজন করছে।

প্রতিযোগিতার উদ্বোধনী দিন সকাল ১০টায় এটিএন বাংলার চেয়ারম্যান মাহফুজুর রহমান ও প্রিন্সিপালের জেনারেল নিজাম আহমেদ, সিএসসি অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। ১৫ নভেম্বর বৃহস্পতিবার বিকাল ৩টায় আয়োজিত প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করবেন বাংলাদেশ সেনাবাহিনীর চীফ অব জেনারেল স্টাফ মেজর জেনারেল সিনা ইবনে জামালী।

প্রতিযোগিতার আয়োজন সম্পর্কে ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ-চৌধুরী কিরণ বলেন, আমাদের চোখে বিশ্ব সকালের ভোর, আকাজক্ষা জুড়ে যুগের শুদ্ধ বাংলাদেশ। স্বাধীনতার চেতনায় খুঁজে ফেরা সেই বাংলাদেশ বিধিত হবে আমাদের এই আয়োজনে। তাই তারুণ্যের কথামালায় বিনির্মাণের উৎসবে আয়োজিত বিতর্ক প্রতিযোগিতাটি অংশগ্রহণকারীদের মধ্যে ব্যাপক সাড়া ফেলবে বলে আশা করা যাচ্ছে।

সেন্ট যোসেফ হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, এসওএস হারম্যান মেইনার কলেজ, তেজগাঁও বিএএফ শাহীন কলেজ, মোহাম্মদপুর প্রিপারেটরি কলেজ, ঢাকা কমার্স কলেজ, আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, আইডিয়াল কমার্স কলেজ, মাইলস্টোন কলেজ, সাউথ পয়েন্ট কলেজ, ক্যান্টন পাবলিক স্কুল এন্ড কলেজ, কেমব্রিয়ান কলেজ, শহীদ পুলিশ স্মৃতি কলেজ, ঢাকা ক্যান্টনমেন্ট গার্লস পাবলিক কলেজ, শহীদ আনোয়ার গার্লস কলেজ ও কুর্মিটোলা বিএএফ শাহীন কলেজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।